গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকারপল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ,
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২৪ অর্থবছরের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকার উপর এ বিভাগের এপিএ টিমের কর্মকর্তাগণের সমন্বয়ে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. হুমায়রা সুলতানা অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও এপিএ টিম প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ ও সময়	:	১৯/০৩/২০২৪ খ্রি. সকাল ১০.৩০ ঘটিকা।
সভার স্থান	:	সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **'পরিশিষ্ট-'ক'**।

সভাপতি উপস্থিত অত্র বিভাগের এবং অধিনস্থ দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের এপিএ টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম শুরু করার জন্য এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান।

২. আলোচনা:

২.১ সভায় এ বিভাগের এপিএ টিমের গত ২৯/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় যা নিম্নরূপ:

ক্র. নং	আলোচ্য বিষয়	এপিএ টিমের বিগত সভার সিদ্ধান্ত	আলোচনা
১.	**সূচক: ২.১.১** সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত লার্নিং সেশন **লক্ষ্যমাত্রা: ৬টি**	২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত এপিএ বাস্তবায়নের জন্য প্রণীত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী ৩য় কোয়ার্টারে আরো ৩টি লার্নিং সেশন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. ২৮/০২/২০২৪ তারিখে How Government Functions বিষয়ক অনুষ্ঠিতব্য লার্নিং সেশন অনিবার্য কারণবশত: অনুষ্ঠিত হয়নি। ২. প্রকল্পের ডিপিপি প্রস্তুতকরণ এবং আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ বিষয়ক লার্নিং সেশন ২৫.০১.২০২৪ তারিখ নির্ধারিত ছিল। উক্ত লার্নিং সেশনটি এপ্রিল মাসের প্রথম সপ্তাহে আয়োজন করা হবে।
২.	**সূচক: ২.১.২** আয়োজিত সেমিনার/কর্মশালা বাস্তবায়ন সংক্রান্ত **লক্ষ্যমাত্রা: ৫টি**	২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ৩য় প্রান্তিকে ২টি সেমিনার/কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহন করতে হবে।	৩য় প্রান্তিকে একটিমাত্র সেমিনার অনুষ্ঠিত হয়েছে। অনিবার্য কারণবশত: ১৬.০১.২০২৪ তারিখে নির্ধারিত "দারিদ্র হ্রাসকরণ এবং কমিউনিটি সক্ষমতা বৃদ্ধিতে সম্পদ ও প্রযুক্তি হস্তান্তর এর ভূমিকা" শীর্ষক সেমিনার এবং ০৮.০২.২০২৪ তারিখে নির্ধারিত "এসডিজিতে উল্লিখিত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে করণীয় বিষয়ক" সেমিনারটি আয়োজন করা সম্ভব হয়নি।
৩.	**সূচক ২.১.৩** পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায়	পল্লী দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় বিআরডিবি, পিডিবিএফ ও এসএফডিএফ এর	কমিটির প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, গঠিত কমিটি এর ১৩/০২/২০২৪ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে ০২ জন করে শ্রেষ্ঠ

ক্র. নং	আলোচ্য বিষয়	এপিএ টিমের বিগত সভার সিদ্ধান্ত	আলোচনা
	একজন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ নারী মাঠকর্মী/মাঠ সংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা প্রদানের নিমিত্ব কমিটি গঠন সংক্রান্ত **লক্ষ্যমাত্রা: ৩০.০৬.২০২৪**	মাঠকর্মীদের মধ্য হতে একজন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ নারী মাঠকর্মী/মাঠ সংগঠক-কে স্বীকৃতি/ সম্মাননা প্রদানের বিষয়ে এ বিভাগ কর্তৃক একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি কর্তৃক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।	মাঠকর্মী/মাঠ সংগঠক (পুরুষ ০২ ও নারী ০২) মনোনয়নপূর্বক জরুরী ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য এসএফডিএফ, পিডিবিএফ ও বিআরডিবি-কে পুনরায় অনুরোধ করা হয়েছে। ইতোমধ্যে এসএফডিএফ ও পিডিবিএফ হতে মনোনয়ন পাওয়া গিয়েছে।
৪	**সূচক: ২.১.৪** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মচারীদের (১০ম গ্রেড-২০তম গ্রেড) শূণ্যপদ পূরণকৃত। **লক্ষ্যমাত্রা: ৭০%**	নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে এবং ১৫ই জুন ২০২৪ এর মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।	পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে এবং টেলিটকের মাধ্যমে আবেদন চাওয়া হয়েছে।
৫.	**সূচক: [২.২.১]** দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট (ক্রমপুঞ্জিভুত) **লক্ষ্যমাত্রা-৬০%**	-	৬০% লক্ষ্যমাত্রার মধ্যে ১ম ও ২য় কোয়ার্টার পর্যন্ত ২৭.৩৬% অর্জন হয়েছে। ৩য় কোয়ার্টারের মধ্যে অবশিষ্ট ৩২.৬৪% অর্জনের জন্য বাজেট শাখাকে পত্র প্রেরণ করা হয়েছে। বাজেট শাখা কর্তৃক এ বিষয়ের কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করা হয়।
৬.	**সূচক: ২.৩.১** শেখ জহুরুল হক, পল্লী উন্নয়ন একাডেমী, যশোর আইন এর খসড়া আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরিত। **লক্ষ্যমাত্রা: ৩০.০৬.২০২৪**	শেখ জহুরুল হক, পল্লী উন্নয়ন একাডেমী, যশোর, খসড়া আইনটি এপিএ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা/ সময়ের মধ্যে আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (আইন ও প্রতিষ্ঠান-১) বলেন, আইনটি মন্ত্রিপরিষদ বিভাগের আইন শাখার ভেটিং এর জন্য অপেক্ষমান আছে। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে মতামত পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।
৭.	**সূচক: ২.৩.২** সমবায় সমিতি আইন (সংশোধিত) ২০২৩ এর খসড়া আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরিত। **লক্ষ্যমাত্রা: ৩০.০৬.২০২৪**	সমবায় সমিতি আইন (সংশোধিত) ২০২৩ এর খসড়া আইন মন্ত্রণালয়ে ভেটিং গ্রহণের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সমবায় সমিতি আইন (সংশোধিত) ২০২৩ এর খসড়ার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে কতিপয় জিজ্ঞাসা রাখা হয়েছে। খসড়াটি এ বিভাগের গঠিত কমিটি কর্তৃক অধিকতর পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।
৮.	**সূচক: ২.৪.১** কর্মকর্তা কর্তৃক বিভিন্ন জেলা উপজেলায় চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন দাখিল সংক্রান্ত। **লক্ষ্যমাত্রা: ৩০টি।**	২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শনের নিমিত্ত এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে পরিদর্শনপূর্বক প্রতিবেদন ও প্রমাণক এ বিভাগের এপিএ শাখায় দাখিলের জন্য পুনরায় পত্র প্রেরণ করতে হবে।	১৩টি পরিদর্শন সম্পন্ন করা হয়েছে। আরো ১৭টি পরিদর্শন সম্পন্ন করতে হবে। উপসচিব (প্রশাসন), উপসচিব (বাজেট), সহকারী সচিব (পরিকল্পনা-৪ এবং ৬), সিনিয়র সহকারী সচিব (প্রতিষ্ঠান-১) অদ্যাবধি পরিদর্শন করেন নাই। ১ম পর্যায় যারা পরিদর্শন করেছেন তাদেরকে ২য় বারের মত পরিদর্শনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অদ্যবধি যারা পরিদর্শন করেন নাই তাদেরকেও ১ম পর্যায়ে পরিদর্শনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

ক্র. নং	আলোচ্য বিষয়	এপিএ টিমের বিগত সভার সিদ্ধান্ত	আলোচনা
৯.	**সূচক: [২.৪.২]** কর্মকর্তা কর্তৃক পরিদর্শিত সুপারিশ বাস্তবায়িত (ক্রমপুঞ্জিভুত) **লক্ষ্যমাত্রা-৯০%**	-	সুপারিশ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শাখা এবং দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।

২.২ সভায় ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ বাস্তবায়ন অগ্রগতিও পর্যালোচনা করা হয়। এ বিষয়ে দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ জানান যে, এ বিভাগের সাথে সম্পর্কিত এপিএ এর কর্মসম্পাদন সূচকসমূহের ত্রৈমাসিক অগ্রগতি সন্তোষজনক। তবে, কর্মসম্পাদনসূচক [৩.৫.১] ও [৩.৫.২] এ ইনট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লার্টফর্ম এ নুতন ও পুরাতন সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের তথ্য সন্নিবেশকরণ সূচক দুটির লক্ষ্যমাত্রা পূরণে অনিশ্চয়তা দেখা দিয়েছে মর্মে উপস্থিত দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ সভা-কে অবহিত করেন। এর কারণ হিসেবে সমবায় অধিদপ্তর, বার্ড, আরডিএ, পিডিবিএফ, এবং এসএফডিএফ এর প্রতিনিধিগণ বলেন, তারা এক্সেল শীটে সমুদয় তথ্য আপলোড করেছেন। কিন্তু, ইনট্রিগ্রেটেড ডিজিটাল সর্ভিস এর প্রোভাইডার কর্তৃক আইডি সরবরাহ না করায় তারা এ কাজটি শেষ করতে পারছেন না। অপরদিকে, বিআরডিবি এর প্রতিনিধি জানান, ইনট্রিগ্রেটেড ডিজিটাল সর্ভিস এর প্রোভাইডার কর্তৃক তাদের প্রতিষ্ঠানের জন্য এখনো কোন কাজ করা হয়নি। এ বিষয়ে এ বিভাগের সহকারী মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার বলেন, ইনট্রিগ্রেটেড ডিজিটাল সর্ভিস এর প্রোভাইডার অরেঞ্জ বিডি লি. কে বারবার সময় প্রদান করা হলেও অজ্ঞাত কারণে তারা সময়ক্ষেপন করছেন। ফলে, এই সূচকটি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করা দূরহ হয়ে পড়েছে। সভায় অরেঞ্জ বিডি লি. এর নিকট হতে এ মাসের মধ্যে বিআরডিবি'র কাজ সমাপ্ত করাসহ সকল দপ্তর/সংস্থা-কে আইডি সরববাহের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

২.৩ সভায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রকাশিত ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন মূল্যায়ন নির্দেশিকা-২০২৪ বিশদভাবে আলোচনাপূর্বক উপস্থিত আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিনিধিদের মতামত গ্রহণ করা হয়। সভাপতি এ বিভাগের মতামত ও দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত মতামত একত্রিত করে একটি সমন্বিত মতামত প্রণয়নের জন্য এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। সভাপতি জানান, ২০২৪-২৫ অর্থ বছরের এপিএ প্রণয়নের সময় নির্বাচনী ইস্তেহার, প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, স্মার্ট বাংলাদেশ বিনির্মান সংক্রান্ত লক্ষ্যমাত্রাসমূহ অন্তর্ভুক্ত করতে হবে। তিনি বলেন, ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন মূল্যায়ন নির্দেশিকার ক্যালেন্ডার অনুযায়ী এই বিভাগের খসড়া এপিএ আগামী ৩০ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এ প্রেরণ করতে হবে। তিনি এ বিভাগের এপিএ প্রণয়ন করার নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে ২০২৪-২৫ অর্থ বছরের খসড়া এপিএ প্রণয়ন করার বিষয়ে গুরুত্বারোপ করে এ সংক্রান্ত একটি ক্যালেন্ডার প্রস্তুতের রূপরেখা প্রদান করেন। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের অনুসরণে দপ্তর/সংস্থার এপিএ এর ১ম হতে ৩য় প্রান্তিক পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতির মূল্যায়ন এপ্রিল-মে/২৪ এর মধ্যে সম্পন্ন করার আশাবাদ ব্যক্ত করেন।

৩. সিদ্ধান্ত:

পরিশেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	**সূচক: ২.১.১** সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত লার্নিং সেশন **লক্ষ্যমাত্রা: ৬টি**	১. মার্চ/২৪ মাসের মধ্যেই How Government Functions বিষয়ক লার্নিং সেশন আয়োজন করতে হবে। ২. প্রকল্পের ডিপিপি প্রস্তুতকরণ এবং আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ বিষয়ক লার্নিং সেশন দুটি এপ্রিল/২৪ মাসের প্রথম সপ্তাহে আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট এপিএ/ উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২.	**সূচক: ২.১.২** আয়োজিত সেমিনার/কর্মশালা বাস্তবায়ন সংক্রান্ত **লক্ষ্যমাত্রা: ৫টি**	২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ২টি সেমিনার/কর্মশালা দ্রুততম সময়ের মধ্যে আয়োজনের করতে হবে।	ফোকাল পয়েন্ট এপিএ/ উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.	**সূচক: ২.১.৩** পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় একজন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ নারী মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা প্রদানের নিমিত্ত কমিটি গঠন সংক্রান্ত। **লক্ষ্যমাত্রা: ৩০.০৬ ২০২৪**	কমিটি কর্তৃক বিআরডিবি হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে এই সুচকটি বাস্তবায়ন করতে হবে।	অতিরিক্ত সচিব (আ: ও প্রতি:), উপসচিব (বাজেট), সিনিয়র সহকারী সচিব (প্রতি:-১) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪.	**সূচক: ২.১.৪** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মচারীদের (১০ম গ্রেড- ২০তম গ্রেড) শূন্যপদ পূরণকৃত। **লক্ষ্যমাত্রা: ৭০%**	নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত লিখিত ও মৌখিক পরীক্ষা, পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে ২০ জুন ২০২৪ তারিখের মধ্যে নিয়োগ আদেশ জারী করার নিমিত্ত একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ২৫ জুন ২০২৪ তারিখের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।	উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৫.	**সূচক: [২.২.১]** দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট (ক্রমপুঞ্জিভুত) **লক্ষ্যমাত্রা-৬০%**	এ সূচক অর্জনের বিষয়ে নিয়মিত নিবিড় মনিটর করতে হবে।	**উপসচিব, বাজেট।**
৬.	**সূচক: ২.৩.১** শেখ জহুরুল হক, পল্লী উন্নয়ন একাডেমী, যশোর আইন এর খসড়া আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরিত। **লক্ষ্যমাত্রা: ৩০.০৬.২০২৪**	পরিষদ বিভাগের সাথে যোগাযোগ করে শেখ জহুরুল হক, পল্লী উন্নয়ন একাডেমী, যশোর, খসড়া আইনটি এপিএ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা/সময়ের মধ্যে আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরণের নিমিত্ত এ বিষয়ে প্রতিষ্ঠান শাখা কার্যকর উদ্যোগ গ্রহন করবে।	অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান)/সিনিয়র সহকারী সচিব (প্রতিষ্ঠান-১ শাখা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৭.	**সূচক: ২.৩.২** সমবায় সমিতি আইন (সংশোধিত) -২০২৩ এর খসড়া আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরিত। **লক্ষ্যমাত্রা: ৩০.০৬.২০২৪**	সমবায় সমিতি আইন (সংশোধিত) ২০২৩ এর খসড়াটি দ্রুত চুড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে পুণরায় প্রেরন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/ উপসচিব (প্রশাসন শাখা-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৮.	**সূচক: ২.৪.১** কর্মকর্তা কর্তৃক বিভিন্ন জেলা উপজেলায় চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন দাখিল সংক্রান্ত। **লক্ষ্যমাত্রা: ৩০টি**	২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শনের নিমিত্ত এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে পরিদর্শনপূর্বক প্রতিবেদন ও প্রমাণক এ বিভাগের এপিএ শাখায় দাখিলের জন্য পুনরায় পত্র প্রেরণ করতে হবে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, উপসচিব (বাজেট) এবং এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৯.	**সূচক**: [২.৪.২] কর্মকর্তা কর্তৃক পরিদর্শিত সুপারিশ বাস্তবায়িত (ক্রমপুঞ্জিভুত) **লক্ষ্যমাত্রা-৯০%**	সুপারিশ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শাখা এবং দপ্তরে পত্র পুনরায় তাগিদ প্রেরণ করতে হবে।	উপসচিব (বাজেট) এবং এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং প্রকল্প পরিচালকগণ
১০.	**সূচক**: [৩.৫.১] নুতন সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটা বেইজে সন্নিবেশকৃত **লক্ষ্যমাত্রা-১০০%**	অরেঞ্জ বিডি লি.এর নিকট হতে এ মাসের মধ্যে বিআরডিবি'র কাজ সমাপ্ত করাসহ সকল দপ্তর/সংস্থা-কে আইডি সরবরাহ নিশ্চিত করতে হবে	উপসচিব (প্রশাসন) এবং সহকারী মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১১.	**সূচক: [৩.৫.২]** পুরাতন সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটা বেইজে সন্নিবেশকৃত **লক্ষ্যমাত্রা-৪০%**		
১২.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়নের রূপরেখা	**বিষয়সূচি** | | **তারিখ** দপ্তর/সংস্থা কর্তৃক এপিএ এর সেকশন-২ ও সেকশন -৩ এর খসড়া এ বিভাগে প্রেরণ : ০৩/০৪/২০২৪ দপ্তর/সংস্থা কর্তৃক পূর্নাঙ্গ খসড়া এপিএ এ বিভাগে প্রেরণ : ১৭/০৪/২০২৪ এ বিভাগ কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরের এপিএ'র খসড়া প্রস্তুত : ২১/০৪/২০২৪ এপিএ চূড়ান্ত করার জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটি সভা আহ্বান : ২৫/০৪/২০২৪ ২০২৪-২৫ অর্থ বছরের খসড়া এপিএ'র মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ : ৩০.০৪.২০২৪	এ বিভাগ ও দপ্তর/সংস্থার এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা
১৩.	দপ্তর/সংস্থার ১ম হতে ৩য় প্রান্তিক পর্যন্ত এপিএ এর বাস্তবায়ন অগ্রগতির মূল্যায়ন	এপ্রিল-মে/২৪	এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৩/২০২৪

(ড. হুমায়রা সুলতানা)
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
এপিএ টিম প্রধান
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকার ... র মতামত সংক্রান্ত সভা ১৯/০৩/২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.৩০ ঘটিকায় অংশগ্রহনকারীদের হাজিরা

ক্র. নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.		
২.	শাহ্ জুলফিকার হায়দার উপসচিব (চলতি), RDCD	১৯/০৩/২০২৪
৩.	ড. মো. গোলাম মোস্তফা উপ-সচিব (পরিকল্পনা শাখা-১), পাউসাব	১৯/০৩/২০২৪
৪.	আশরীন বুলবুল চৌধুরী উপসচিব (পরিকল্পনা-২)	১৯/০৩/২০২৪
৫.	মো: সাইফুল ইসলাম উপসচিব, RDCD	১৯/৩/২৪
৬.	আজীজ মাহমুদ ভূঁইয়া উপসচিব, RDCD	১৯/৩/2024
৭.	মোহাম্মদ মাহবুব আলম উপসচিব - RDCD	১৯.০৩.২৪
৮.	মোঃ আনিচুর রহমান সিনিয়র সহকারী সচিব, RDCD	১৯/০৩/২০২৪
৯.	সালমা বেগম সহযোগী সহায়তাপ্রাপ্ত, SFDF	১৯/০৩/২০২৪
১০.	[illegible] উপসচিব	১৯/০৩/২০২৪
১১.	মো: শহীদুল ইসলাম উপপরিচালক, BRDB	১৯/০৩/2024
১২.	মোহাম্মদ তাজাম্মেল হক যুগ্মপরিচালক, BAPARD, কুমিল্লা	১৯/০৩/2024
১৩.	জ্যোতন কুমার রায় সহ: পরিচালক, আরডিটি, বগুড়া	১৯/০৩/২৪
১৪.	মোঃ ফজলুল হক চৌধুরী [illegible]	১৯/০৩/২৪
১৫.	খোন্দকার- হুমায়ুন কবীর যুগ্মনিবন্ধক সমবায়, অধিদপ্তর	১৯/০৩/২০২৪
১৬.	মো: ফরিদ উদ্দিন উপ- পরিচালক, আরডি, নরসিংদী	১৯/০৩/২৪
১৭.	আমেনা মাহমুদা, যুগ্ম পরিচালক, মর্ট	১৯/০৩/২৪
১৮.		